দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 OCT 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# চবিতে ভর্তি জালিয়াত চক্রের সাত সদস্য আটক

**চবি সংবাদদাতা ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি জালিয়াত চক্রের সঙ্গে জড়িত থাকার দায়ে দুই শিক্ষার্থীসহ ৭ জনকে আটক করেছে পুলিশ। এদের মধ্যে একজন চবি ছাত্রলীগের স্থগিত কমিটির সহ-সম্পাদক। এছাড়া রয়েছে ৪ জন ভর্তিচ্ছু ও চট্টগ্রাম কলেজের এক শিক্ষার্থী। শনিবার রাতে ক্যাম্পাস সংলগ্ন এলাকা থেকে তাদের আটক করা হয়। জিজ্ঞাসাবাদের জন্য এ ৩ জনকে হাটহাজারী থানায় নেয়া হয়। আটককৃতরা হলেন চবি ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চের ২০১২-১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ছাত্রলীগের স্থগিত কমিটির সহ-সম্পাদক মোঃ শহিদুল্লাহ ও শিক্ষার্থী মোঃ রায়হানুল হক, ভর্তিচ্ছু নোয়াখালীর মোঃ ফাহাদ, মিজানুর রহমান, টাঙ্গাইলের সাহিদ আল কবির, মানিকগঞ্জের মুশফিকুস সালেহিন ও চক্রের সদস্য মোঃ তুহিন। এদের মধ্যে তুহিন চট্টগ্রাম কলেজের 'পরিসংখ্যান' বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী। হাটহাজারী থানা পুলিশ জানায়, ক্যাম্পাস সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে আটক করা হয় মোঃ শহিদুল্লাহ নিশাত ও মোঃ রায়হানুল হককে। তাদের কাছ থেকে ভর্তিচ্ছুদের আসল সার্টিফিকেট, মার্কশীট ও ব্ল্যাঙ্ক (সাদা) স্ট্যাম্প উদ্ধার করা হয়। পরবর্তীতে তাদের দেয়া তথ্যের ভিত্তিতে রবিবার ভর্তি পরীক্ষার আগে আটক করা হয় ৪ ভর্তিচ্ছু ও চক্রের আরও এক সদস্য তুহিনকে। ভর্তিচ্ছুদের সঙ্গে বিভিন্ন অঙ্কের টাকার বিনিময়ে চুক্তি করে প্রক্সির ব্যবস্থা করে দিতেন শহিদুল্লাহ ও রায়হান। চুক্তির সময় ভর্তিচ্ছুদের মূল মার্কশীট, সার্টিফিকেট জমা নেয়া হত। এছাড়া সাদা স্ট্যাম্পে চুক্তিতে স্বাক্ষর করে নেয়া হতো। এরপর পরীক্ষায় টিকে গেলে চুক্তি অনুযায়ী টাকা আদায় করা হতো। পুরো টাকা পরিশোধ করলেই দেয়া হতো সার্টিফিকেটসহ অন্যান্য কাগজপত্র। এভাবেই জালিয়াতির পরিকল্পনা করে তারা। পুলিশের কাছে তারা জানিয়েছে ৩-৫ লাখ টাকায় এসব চুক্তি করা হতো। এ বিষয়ে চবি প্রক্টর আলী আজগর চৌধুরী জানান, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে পুলিশ তাদের আটক করেছে।